# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৬১৮/ক/স্থীঃ/ ৯৫(অংশ-১)/১৪৮৬ তারিখঃ০৭/০৭/২০২৬

**বিষয় : মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নম্বর- ৪৭৩২/২০২৬ এর গত ০৪/০৫/২০২৬ ইং তারিখের নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র: ১। এডহক কমিটি গঠনের অনুমতির জন্য অধ্যক্ষ কর্তৃক গত ২৯/১২/২০২৫ ইং তারিখের আবেদন।
২। এডহক কমিটি গঠনের অনুমতির জন্য অধ্যক্ষ কর্তৃক গত ১৫/০১/২০২৬ ইং তারিখের অনলাইন আবেদন।
৩। ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক গত ১৯/০২/২০২৬ ইং তারিখের স্মারক নং-কলেজ শাখা/DHAKA MAHANAGARI/107914/2600073 মূলে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান।
৪। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নম্বর-৪৭৩২/২০২৬ এর গত ০৪/০৫/২০২৬ তারিখের নির্দেশনা
৫। এডহক কমিটি অনুমোদনের জন্য অধ্যক্ষ কর্তৃক গত ০৫/০৫/২০২৬ তারিখের অনলাইন আবেদন।
৬। ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক গত ২১/০৫/২০২৬ ইং তারিখের স্মারক নং-কলেজ শাখা/DHAKA MAHANAGARI/107914/2600345 মূলে এডহক কমিটি অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,ঢাকা মহানগরীর যত্রাবাড়ী থানাধীন "বর্ণমালা আদর্শ উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ"এর অধ্যক্ষ এডহক কমিটি গঠনের অনুমতির জন্য সূত্রোক্ত (১) এ উল্লেখিত গত ২৯/১২/২০২৫ ইং তারিখে চেয়ারম্যান,মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা বরাবর আবেদন করেন। পরবর্তীতে একই বিষয়ের জন্য তার সূত্রোক্ত (২) এ উল্লেখিত গত ১৫/০১/২০২৬ ইং তারিখের অনলাইন আবেদনের প্রেক্ষিতে বোর্ড সূত্রোক্ত (৩) এ উল্লেখিত গত ১৯/০২/২০২৬ ইং তারিখ এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করেন।

অধ্যক্ষ ও অন্য একজন পিটিশনার হিসেবে এডহক কমিটি সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নম্বর-৪৭৩২/২০২৬ দাখিল করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ সূত্রোক্ত (৪) এ উল্লেখিত গত ০৪/০৫/২০২৬ ইং তারিখ রুল নিশি জারী করেন এবং সূত্রোক্ত (১) উল্লেখিত গত ২৯/১২/২০২৫ ইং তারিখের আবেদনটি আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তির জন্য চেয়ারম্যান,মাধ্যমিক ও উচ্চমাধ্যমি শিক্ষা বোর্ড, ঢাকা-কে নির্দেশনা প্রদান করেন।

প্রতিষ্ঠানের অধ্যক্ষ এডহক কমিটি অনুমোদনের জন্য সূত্রোক্ত (৫) এ উল্লেখিত গত ০৫/০৫/২০২৬ ইং তারিখের অনলাইন আবেদনের প্রেক্ষিতে বোর্ড সূত্রোক্ত (৬) এ উল্লেখিত গত ২১/০৫/২০২৬ ইং তারিখ প্রতিষ্ঠানের এডহক কমিটি অনুমোদন প্রদান করেন।

এমতাবস্থায়, উক্ত প্রতিষ্ঠানের এডহক কমিটি গত ২১/০৫/২০২৬ ইং তারিখ বোর্ড কর্তৃক অনলাইনে অনুমোদন লাভ করায় মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নম্বর-৪৭৩২/২০২৬ এর গত ০৪/০৫/২০২৬ ইং তারিখের নির্দেশনা মোতাবেক উপরোল্লিখিত বর্ণিত বিষয়ের আলোকে রীট পিটিশনার কর্তৃক গত ২৯/১২/২০২৫ ইং তারিখে দাখিলকৃত আবেদনপত্রটি নিষ্পত্তিসহ অবহিত করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

07/07/26


প্রফেসর মুনসী হুমায়ুন কবির
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৫৮৬১২৪৭৬
ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd


অধ্যক্ষ/রীট পিটিশনার
বর্ণমালা আদর্শ উচ্চবিদ্যালয় ও কলেজ (EIIN-107914)
যাত্রাবাড়ী, ঢাকা মহানগরী।

07/07/26

কলেজ পরিদর্শক
মধ্যমিক ও উচ্চমাধ্যামক শিক্ষা বোর্ড, ঢাকা

CamScanner